

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এফআইডি সার্কুলার নং-০৩

তারিখ: ১৫/০৩/২০০৭ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ঋণ/লীজ অবলোপন (Write off) এর নীতিমালা।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ/লীজ কার্যক্রম পরিচালনার সময় অনেক ক্ষেত্রে ঋণ/লীজের একটি অংশের গুণগত মান হ্রাস পায় এবং এগুলোর আদায়ে অনিশ্চয়তা দেখা দেয়। এসব ঋণ/লীজ পচলিত নিয়মে বিরূপ শ্রেণীবিন্যাসিত হয় এবং এর বিপরীতে পর্যাপ্ত প্রভিশন সংরক্ষণের প্রয়োজন হয়। এতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের স্থিতিপত্রের আকার অনাবশ্যিক ও কৃত্রিমভাবে স্ফীত হয়। এসব ঋণ/লীজ অবলোপনের (Write off) বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসরণ করার জন্য নিম্নোক্ত নীতিমালা জারি করা হল:

১। মন্দ/ক্ষতি হিসেবে শ্রেণীকৃত হয়েছে এবং ১০০% প্রভিশন সংরক্ষিত আছে এরূপ ঋণ/লীজ অবলোপনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

২। অবলোপনের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের পূর্বানুমোদন নিতে হবে।

৩। অবলোপনকৃত ঋণ/লীজ আদায়ে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। অবলোপনের জন্য নির্বাচিত হিসাবসমূহের ক্ষেত্রে কোন কারণে পূর্বে আইনগত ব্যবস্থা গৃহীত না হয়ে ঋণ/লীজ অবলোপনের পূর্বে অবশ্যই আদালতে মামলা দায়ের করতে হবে।

৪। অবলোপনকৃত ঋণ/লীজ সম্পর্কিত মামলা নিষ্পত্তি ত্বরান্বিত করা বা অবলোপনকৃত প্রাপ্য আদায়ের জন্য আর্থিক প্রতিষ্ঠান বহিষ্ঠূত প্রতিষ্ঠানকে নিয়োজিত করা যাবে।

৫। অবলোপনকৃত ঋণ/লীজ এর হিসাব একটি পৃষ্ঠা লেজারে সংরক্ষণ করতে হবে এবং আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক রিপোর্ট/স্থিতিপত্রে ক্রমপুঞ্জীভূত ও চলতি বছরে অবলোপনকৃত ঋণ/লীজ এর পরিমাণ পৃষ্ঠাভাবে “notes to the accounts” এ লিপিবদ্ধ করতে হবে।

৬। ঋণ/লীজ অবলোপন করা হলেও সংশ্লিষ্ট ঋণ/লীজ গ্রহীতা যথানিয়মে খেলাপী ঋণ/লীজ গ্রহীতা হিসেবে চিহ্নিত হবেন। অন্যান্য ঋণ/লীজ এর অনুরূপ অবলোপনকৃত ঋণ/লীজও বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) তে রিপোর্ট করতে হবে।

৭। আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক বা তার স্বাক্ষরিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে গৃহীত ঋণ/লীজ অবলোপনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে।

৮। প্রতি মাসে অবলোপনকৃত ঋণ/লীজ হিসাবের একটি বিবরণী পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

(মো: গোলাম মোস্তফা)

উপ-মহাব্যবস্থাপক

ফোন: ৭১২০৯৫৬